

আন্তর্জাতিক

পেজেশকিয়ান-আরাগচিকে জাতিসংঘ অধিবেশনে যোগ দিতে ভিসা দিল যুক্তরাষ্ট্র

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: শুক্রবার, ১৮ সেপ্টেম্বর ২০২৬, ০৭:১৩ PM



ইরানের প্রেসিডেন্ট মাসউদ পেজেশকিয়ান, পররাষ্ট্রমন্ত্রী সৈয়দ আব্বাস আরাগচি এবং দেশটির কয়েকজন জ্যেষ্ঠ কর্মকর্তাকে ভিসা দিয়েছে যুক্তরাষ্ট্র। আগামী সপ্তাহে নিউইয়র্কে অনুষ্ঠিত জাতিসংঘের সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনে যোগ দেওয়ার জন্য তাঁদের ভিসা দেওয়া হয়েছে। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক মুখপাত্র এ তথ্য জানিয়েছেন।

মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওই মুখপাত্র এএফপিকে বলেন, আয়োজক দেশ হিসেবে যুক্তরাষ্ট্রের বাধ্যবাধকতার সঙ্গে সামঞ্জস্য রেখে ইরান সরকারের মূল প্রতিনিধি দল জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে পারবে।

তবে ইরানি প্রতিনিধি দলের ওপর কিছু বাড়তি বিধিনিষেধ থাকবে। অন্য দেশের প্রতিনিধিদের তুলনায় তাঁদের যুক্তরাষ্ট্রে চলাচলের ক্ষেত্রে কঠোর ভ্রমণ বিধিনিষেধ মানতে হবে। পাশাপাশি বিলাসবহুল পণ্য কেনার ওপরও নিষেধাজ্ঞা থাকবে।

মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বলেন, এ বছর ইরানের তুলনামূলক ছোট একটি প্রতিনিধি দলকে যুক্তরাষ্ট্রে প্রবেশের অনুমতি দেওয়া

হচ্ছে। তাদের যুক্তরাষ্ট্রে অবস্থানের সময় নির্ধারিত ভ্রমণ বিধিনিষেধ ও বিলাসবহুল পণ্য কেনার নিষেধাজ্ঞা মেনে চলতে হবে।

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে চলমান যুদ্ধ ও কূটনৈতিক অচলাবস্থার মধ্যেই জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশন বসতে যাচ্ছে। এই পরিস্থিতির মধ্যেও ইরানের প্রেসিডেন্ট ও পররাষ্ট্রমন্ত্রীর নিউইয়র্ক সফরের পথ খুলে দিল ওয়াশিংটন।

এদিকে জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে ভিসার আবেদন করেছিলেন ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস। তবে যুক্তরাষ্ট্র তাঁকে ভিসা দেয়নি। মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, ফিলিস্তিনের মুক্তি সংস্থা (পিএলও) ও ফিলিস্তিনি কর্তৃপক্ষের কর্মকর্তাদের ভিসা দেওয়া হবে না।

জাতিসংঘ জানিয়েছে, আব্বাস যদি তাঁর বক্তব্যের ভিডিও পাঠান, তাহলে সেটি সাধারণ পরিষদের অধিবেশনে প্রচার করা হবে।

সূত্র: এএফপি

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-হ্রোদন হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও হ্রোদন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুতি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/pejeshkiyan-aragchike-jatisnggh-odhibeshne-jog-dite-bhisa-dil-juktrashtr>